

💵 নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (৯৬) মানুষের মধ্যে কখন মতভেদ সৃষ্টি হয়েছিল?

উত্তরঃ আব্দুল্লাহ্ ইবনে আব্বাস (রাঃ) বলেনঃ আদম ও নুহ (আঃ) এর মধ্যে ১০টি শতাব্দী ছিল। এ দীর্ঘ সময়ের মধ্যে সকলেই তাওহীদের উপর প্রতিষ্ঠিত ছিল। অতঃপর মানুষের মধ্যে দ্বীনের ব্যাপারে মতবিরোধ সৃষ্টি হয়।[1] আল্লাহ তাআ'লা বলেনঃ

فَبَعَثَ اللَّهُ النَّبِيِّينَ مُبَشِّرِينَ وَمُنذِرِينَ

''অতঃপর আল্লাহ সুসংবাদবাহক এবং ভয় প্রদর্শনকারীরূপে নবীগণকে প্রেরণ করলেন''। (সূরা বাকারাঃ ২১৩)

ফুটনোট

[1] - দেখুনঃ তাফসীরে জামেউল বয়ান, (২/৩৩৪)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11910

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন